

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০১৩.০৬.২৩১.১৬-এ ন

তারিখ : ০৬/০২/২০১৬ খ্রি:

বিষয় : ২০১৫-২০১৬ অর্থ-বছরে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় বিভাগীয় পর্যায়ে ১(এক) দিনব্যাপী
অবহিতকরণ সভায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ অর্থ-বছরে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির চলমান কার্যক্রম সম্পর্কে বিভাগীয় পর্যায়ে ১ (এক) দিনব্যাপী অবহিতকরণ সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পর্যায়ে চট্টগ্রাম বিভাগের অবহিতকরণ সভা আগামী ১৩/০২/২০১৬ খ্রি: তারিখ কক্সবাজার জেলায় নিম্নোক্ত পরিকল্পনা অনুযায়ী অনুষ্ঠিত হবে :

তারিখ ও সময়	: ১৩/০২/২০১৬ খ্রি:, সকাল ১০.০০ -দুপুর ২.০০ ঘটিকা।
স্থান	: জেলা পরিষদ সম্মেলন কক্ষ, কক্সবাজার।
উদ্দেশ্য	: (১) কর্মসূচি সম্পর্কে ধারণা প্রদান। (২) কর্মসূচি বাস্তবায়ন ও কার্যক্রম গতিশীল করা এবং (৩) কার্যক্রম বাস্তবায়নে সৃষ্ট সমস্যা চিহ্নিতকরণ ও সম্ভাব্য সমাধান খুঁজে বের করা।
আলোচনার বিষয়বস্তু	: (১) কর্মসূচির কার্যক্রম ও নীতিমালা সম্পর্কে আলোচনা ও দিক-নির্দেশনা। (২) আবেদন ফরম সংগ্রহ ও সংরক্ষণ, উপকারভোগী নির্বাচন, প্রশিক্ষণ বাস্তবায়ন সম্পর্কে আলোচনা ও দিক-নির্দেশনা। (৩) ভাতার অর্থ বিতরণ, হিসাব রক্ষণ ও রিপোর্টিং এবং এনজিও সার্ভিস চার্জ প্রদান সংক্রান্ত আলোচনা ও দিক-নির্দেশনা।
আলোচকবৃন্দ	: (১) মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, (২) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (৩) পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, (৪) জেলা প্রশাসক, কক্সবাজার, (৫) কর্মসূচির দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (৬) কর্মসূচির প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর (৭) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কক্সবাজার।
অংশগ্রহণকারী	: (১) চট্টগ্রাম বিভাগের জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)। (২) কর্মসূচির আওতাভুক্ত উপজেলা পর্যায়ের পৌরসভা সমূহের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (৩) চট্টগ্রাম বিভাগের চুক্তিবদ্ধ এনজিও প্রতিনিধি।

০২। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কক্সবাজার উপরোক্ত পরিকল্পনা অনুযায়ী অবহিতকরণ সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা গেল।

০৪। সকল কর্মকর্তা স্ব স্ব কার্যালয় হতে বিধি মোতাবেক ভ্রমণভাতা প্রাপ্য হবেন।

প্রাপক,

০১। জেলা প্রশাসক, কক্সবাজার।

০২। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা


০৩। নির্বাহী পরিচালক/প্রতিনিধি

সদয় অবগতি ও কার্যার্থে :

০১। উপ-সচিব (বাজেট ও অডিট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। সচিব এর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(এ. বি. এম জাকির হোসাইন)
পরিচালক (যুগ্মসচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন-৯৩৩৬০৬৩